R. N. No. 2532/57 Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)


এম বি পাম্পসেট
চাষীভাইদের স্বপ্নকে সার্থক করে তোলে।
পরিবেশক :—
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৪শ বর্ষ, ৩৭শ সংখ্যা
রঘুনাথগঞ্জ, ১১ই মাঘ, বুধবার, ১৩৮৪ সাল।
২৫শে জানুয়ারী, ১৯৭৮ সাল।
নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৭৲, সডাক ৮৲

## সমবায়িক প্রয়াসে মফঃস্বল সংবাদপত্রের উন্নতি ঘটানো যেতে পারে : সাংবাদিক সম্মেলনে গোপাল ভৌমিক

বিশেষ প্রতিনিধি, বেলডাঙ্গা, ২৪ জানুয়ারী—আজ সকালে বেলডাঙ্গা শিউনারায়ণ রামেশ্বর ফতেপুরিয়া কলেজে অনুষ্ঠিত মুর্শিদাবাদ জেলা সাংবাদিক সংঘের ২০তম বার্ষিক সম্মেলনের উদ্বোধন করে দৈনিক বসুমতী পত্রিকার প্রধান সম্পাদক গোপাল ভৌমিক বলেন, আমরা যে আমলে সাংবাদিকতা করেছি তখন সাংবাদিকদের সঙ্গে সংবাদপত্র মালিকের স্বার্থের অভিন্ন মত ছিল। এখনকার মত ব্যবসায়িক বুদ্ধি তখন ছিল না। স্বাধীনতার পর থেকে সাধারণ সংবাদপত্রের চরিত্রের পরিবর্তন ঘটেছে। এই সমস্ত পত্রিকায় বিজ্ঞাপনের প্রাধান্যই বেশী। পক্ষান্তরে মফঃস্বলের পত্র-পত্রিকাগুলি ব্যবসাভিত্তিক নয়। মফঃস্বলে স্বাধীন লেখনীর প্রতিবন্ধকতা সৃষ্টি হয় না। সেবকের বৃত্তি নিয়ে মফঃস্বলের সাংবাদিকরা সাংবাদিকতা করেন। সমবায়িক প্রয়াসে মফঃস্বল পত্রপত্রিকাগুলির উন্নতি ঘটানো যেতে পারে। আদর্শ বোধ আছে এমন পত্রিকাগুলির কাছে আবেদন, স্থানীয় সমস্যা তুলে ধরে এ ব্যাপারে সচেষ্ট হতে পারেন। প্রধান অতিথির ভাষণে বেলডাঙা বিধানসভা সদস্য তিমিরবরণ ভাদুড়ী জেলার সংবাদপত্রগুলিকে আরো বেশী করে

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## কর দিয়েও পোষ্ট বসেনি, আলো জ্বলেনি

জঙ্গিপুর, ২৫ জানুয়ারী—জঙ্গিপুর পুরসভার ১নং ওয়ারডের প্রধান সড়ক আলোর অভাবে রাতের আঁধার নামার সঙ্গে সঙ্গে প্রেতপুরীর আকার ধারণ করে। অথচ এই সড়কটি শহরের কেন্দ্রস্থল বরাবর বিস্তৃত এবং মহম্মদপুর পর্যন্ত পথচারীদের পথ চলার অন্যতম সড়ক। এলাকার শতাধিক নাগরিক আলোর জন্য পুর কর দেওয়া সত্ত্বেও প্রয়োজনীয় পোষ্ট ও ল্যাম্প দেওয়া হয়নি। বারবার আবেদন করেও এ পর্যন্ত সুফল মেলেনি। অন্য দিকে গৌড় গ্রামীণ ব্যাঙ্কের জঙ্গিপুর শাখার সামনে যে পোষ্টটি রয়েছে, তাতেও আলো জ্বলে না। সামান্য একটি ল্যাম্পের জন্য লেখালেখি করেও লাভ হয়নি। রাত্রে পথচারীদের স্বচ্ছন্দে চলাফেরার জন্য নাগরিকরা পুরসভাকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার দাবি জানাচ্ছেন।

## বিদ্যুৎ সংস্থায় গরহাজিরার অভিযোগ

জঙ্গিপুর, ২৫ জানুয়ারী—জঙ্গিপুর শহরে বিদ্যুৎ বিভাগের যে শাখা অফিসটি রয়েছে, তার কর্মীদের অফিসে দেখা পাওয়া ভাগ্যের ব্যাপার বলে ভুক্তভোগীরা জানাচ্ছেন। কখন অফিস খোলা থাকবে—এর সদুত্তর কে দেবেন, জনসাধারণ বুঝতে পারছেন না। এখন ইলেকট্রিক বিলের টাকা নেওয়ার দিন ছাড়া অফিস ঠিকমত খোলে না, খুললেও কর্মিদের গরহাজিরা দৃষ্টিকটু ঠেকে। পাশের একটি চায়ের দোকানে তাঁদের দেখা মিলতে পারে—এই ভরসায় অনেকেই ওই চায়ের দোকানটিকে 'আধা ইলেকট্রিক অফিস' বলে থাকেন। কারো বাড়িতে হঠাৎ লাইন খারাপ হলে কলবুক সই করার এক ঘণ্টার মধ্যে বিদ্যুৎ কর্মীর দেখা পাওয়া যায় না বলেও অভিযোগ।

## তথ্যচিত্রে কবি গুমানী

বিশেষ প্রতিনিধি, ২৪ জানুয়ারী—পশ্চিমবঙ্গ সরকার চারণকবি গুমানী দেওয়ানের জীবনী নিয়ে একটি তথ্যচিত্র নির্মাণে উদ্যোগী হয়েছেন। প্রস্তুতি হিসেবে রাজ্য তথ্য ও জনসংযোগ বিভাগ থেকে একটি সমীক্ষক দল সম্প্রতি কবির জন্মস্থান সাগরদীঘি থানার জিনদীঘি গ্রাম পরিদর্শন করে গিয়েছেন। লোকসাহিত্যের গবেষক ডঃ সুধীর করণও জায়গা দেখে ষ্টাডি করে গেছেন। আজ বেলডাঙায় এক প্রশ্নের উত্তরে খবরটি জানিয়েছেন জেলা তথ্য ও জনসংযোগ আধিকারিক।

## ফ্ল্যাগ ষ্টেশনের দাবি

বোখারা, ২৩ জানুয়ারী—বোখারায় ফ্ল্যাগ ষ্টেশনের দাবিতে বোখারা সংগ্রাম কমিটি গতকাল বোখারা হাই স্কুল প্রাঙ্গণে এক সভায় জমায়েত হন। উক্ত সভায় তাঁদের দীর্ঘদিনের দাবি আদায়ের জন্য শান্তিপূর্ণ আন্দোলন গড়ে তোলার আহ্বান জানান জয়ন্তকুমার দত্ত।

## অনাহারে মৃত্যু

সাগরদীঘি, ২৫ জানুয়ারী—গ্রামবাসী সূত্রে প্রাপ্ত এক সংবাদে প্রকাশ, এই ব্লকের মনিগ্রাম অঞ্চলের চাঁদপাড়া গ্রামের অবিবাহিতা আদিবাসী রমণী ঝুমরি মেঝান (৪৩) গত ১৯ জানুয়ারী অনাহারে মারা গিয়েছেন। তাঁর বৃদ্ধ পিতা তাঁকে পৃথক করে দেওয়ার পর গত আশ্বিন মাস থেকে তিনি অনাহারে দিন কাটাচ্ছিলেন এবং অঞ্চল অফিস থেকে খয়রাতি সাহায্যের চেষ্টা করে ব্যর্থ হয়েছিলেন বলে খবর।

## শ্রমিকের মজুরি বৃদ্ধি

নিজস্ব সংবাদদাতা : সিটু অনুমোদিত মুর্শিদাবাদ জেলা বিড়ি মজদুর এ্যাণ্ড প্যাকারস্ ইউনিয়নের রঘুনাথগঞ্জ থানা কমিটি ও জঙ্গিপুর-রঘুনাথগঞ্জ শহরের লেবেলবিহীন বিড়ি মালিকদের যুক্ত বৈঠকে হাজার প্রতি বিড়ির মজুরি ১·১০ টাকা বাড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ৬ ডিসেম্বর থেকে এই সিদ্ধান্ত কার্যকর হয়েছে। ৯ ডিসেম্বর থেকে বিড়ি শ্রমিকের মজুরি ৫·৮০ টাকা ধার্য করা হয়েছে। ইউনিয়নের পক্ষ থেকে এ খবর জানানো হয়েছে।

## আদর্শ থানার প্রয়াস

বহরমপুর, ২৫ জানুয়ারী—মুর্শিদাবাদের পুলিশ সুপার স্মরজিৎ চট্টোপাধ্যায় আদর্শ থানা হিসেবে জেলার ২১টি থানার মধ্যে সাগরদীঘি ও রাণীনগর থানাকে বেছে নিয়েছেন। অভিযোগ এলে ঘটনাস্থলে পুলিশের উপস্থিতি, জনসাধারণের সঙ্গে ভালো

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

আমরা আপনাকে সেরা জিনিসটি দিতে চাই! তা হলো গোদরেজ আলমারী। না-না আপনি রেফ্রিজারেটর, প্রেসার কুকার, চেয়ার, টেবিলের কথা ভাবছেন? তাও পাবেন। গোদরেজের সমস্ত প্রকার ষ্টীল ফার্ণিচার আমরা সব সময় মজুত রাখি। আপনি চাইলেই নাম-মাত্র খরচায় যে কোন জায়গায় পৌঁছে দেবো।

বীরভূম ও মুর্শিদাবাদ জেলার একমাত্র অনুমোদিত বিক্রেতা
ভকত ভাই প্রাঃ লিঃ
পোঃ বোলপুর ॥ জেলা বীরভূম
ফোন নং—বোল ২৪১

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১১ই মাঘ বুধবার, সন ১৩৮৪ সাল

## সম্মাননার সম্মান

দেশের সর্বত্র সর্বত্যাগী দেশসেবক নেতাজী সুভাষচন্দ্রের জন্মদিন উদ্‌যাপিত হইয়াছে বিগত ২৩শে জানুয়ারী। ক্লাবে-সমিতিতে, বহুবিধ প্রতিষ্ঠানে জনগণ নেতাজী-স্মরণে সামিল হন। কিন্তু সব অনুষ্ঠানের সেরা এবার খাস কেন্দ্রে অর্থাৎ ভারতের রাজধানীতে। স্বাধীনতা-প্রাপ্তির দেড় দশক অতিক্রান্ত হওয়ার পর শ্রেষ্ঠ স্বাধীনতাকামীকে সরকারী স্বীকৃতি দিলেন জনতা সরকার। নেতাজীর সম্পর্কে কেমন যেন একটা অনীহ-মনোভাবের জগদ্দল প্রস্তর এতদিন পরে অপসারিত হইল। সংসদ ভবনে নেতাজীর প্রতিকৃতি রাখার ব্যবস্থায় জনতা সরকারের একটি সুকৃতি হিসাবে ১৯৭৮ সাল স্বর্ণাক্ষরে চিহ্নিত রহিল।

প্রাক্ জনতা-সরকারী যুগে আমরা এই স্বীকৃতির অভাববোধে ব্যথিত হইয়াছি। তৎকালীন শাসকদলের অনুগত সংসদ সদস্যগণ, এমন কি নেতাজীর স্ব-ভূমির, বিন্দুমাত্র সোচ্চার হন নাই। হাইকম্যাণ্ড-ভক্তেরা যেন দিনের দিন স্তাবকে পরিণত হইয়া গিয়াছিলেন। এমন এক সময় তখন আসিয়াছিল, যেটিকে ব্যক্তিপূজার পর্যায়ে ফেলিতে ইচ্ছা হয়। একজনের অভিরুচি ও অঙ্গুলীহেলন অনুসারে সংখ্যাগরিষ্ঠেরা মাথা নোয়াইয়া কুর্নিশ জানাইবার জন্য আগুয়ান হইবার এক প্রতিযোগিতায় নামিয়াছিলেন। সংসদ সদস্য শ্রীসমর গুহকে অজস্র ধন্যবাদ! তিনি দীর্ঘদিন নেতাজী সম্পর্কে সংসদে বহু ঝড়-তুফান তুলিয়াছিলেন। সংসদ-ভবনে নেতাজীর প্রতিকৃতি স্থাপনার ব্যাপারে তাঁহার ভূমিকা অবশ্যই স্মরণীয়।

বর্তমান কেন্দ্রীয় শাসকদলের পূর্বসূরী দল ভুলিয়া গিয়াছিলেন যে, দাবাইয়া সত্য চাপা দেওয়া যায় না। নেতাজীর ধ্যানমন্ত্র 'চলো দিল্লী', সংগ্রামমন্ত্র 'চলো দিল্লী' এবং জীবন-মন্ত্রও 'চলো দিল্লী'। মসনদে আসীন হইয়া সেই পূর্বসূরী দল দেশের জনমানসে তাহা বড় করিয়া দেখাইতে পারেন নাই। অবশ্য আসমুদ্র হিমাচল 'তামাম হিন্দুস্তাঁ' সেই নেতাজীকে আজিও মনের মণিকোঠায় সযত্নে লালন করিতেছে। তাই নেতাজীর প্রতি শ্রদ্ধার শৈথিল্য এ যাবৎ কাহারও দেখা দেয় নাই দিতে পারে না, সরকারী তরফে যাহাই করা হউক না কেন। ২৩শে জানুয়ারীর পরম পবিত্র দিনে এবার জনতা সরকার নেতাজী সম্মাননার আয়োজনে স্বয়ং সম্মানিত হইলেন সমগ্র দেশবাসীর কাছে।

## চিঠি-পত্র

( মতামত পত্রলেখকের নিজস্ব )

### কেচ্ছা সংবাদ প্রসঙ্গে

জঙ্গিপুর স্কুলে পরীক্ষার টাকা নিয়ে ছিনিমিনির অভিযোগে মনে মনে যখন লজ্জিত ও আহত হচ্ছিলাম, তখন ৪-১-৭৮-এর 'জঙ্গিপুর সংবাদে' প্রকাশিত 'কেচ্ছা-সংবাদ' পড়ে উৎফুল্ল হয়ে উঠছিলাম। আশা করেছিলাম মাননীয় প্রধান শিক্ষক মহাশয় মূল সত্যটাকে তুলে ধরে ঐতিহ্যবাহী এই স্কুলের মর্যাদা রাখবেন। কিন্তু 'কেচ্ছা-সংবাদ' পাঠ করে যথেষ্ট হতাশ হয়েছি। চিঠিখানিতে অভিযোগ অপ্রমাণিত হয়নি; বরং তার সত্য-তাকেই পরোক্ষে মেনে নেওয়া হয়েছে। শুধু সংবাদের কেন্দ্রবিন্দুকে স্কুল থেকে সরিয়ে 'সেণ্টার কমিটি'র ওপর চাপিয়ে দেওয়া হয়েছে এবং তা যথার্থ বলে আমি মনে করি। অর্থাৎ, বলা হচ্ছে, দোষ একটা হয়েছে, তবে সেটি স্কুলের নয়, 'সেণ্টার কমিটির।' 'জঙ্গিপুর সংবাদে' প্রকাশিত সংবাদের টেকনিক্যাল ত্রুটি এটি হতে পারে। কিন্তু এ সব মেনে নিয়েও স্কুল থেকে বিচ্ছিন্ন করে সেণ্টার কমিটিকে একটি স্বতন্ত্র ইউনিট ভাবা যায় না। কেন না সংশ্লিষ্ট স্কুল ও সেণ্টার মূলতঃ একটিই ব্যাপার এবং সেণ্টার কমিটির কার্যকলাপও স্কুল কমিটির মর্যাদা-নিরপেক্ষ হতে পারে না। যাই হোক, এ বিষয়ে যখন প্রশাসনিক তদন্ত চলছে তখন অসহিষ্ণু হওয়ার প্রয়োজন দেখি না। সত্য অবশ্যই একদিন প্রকাশ পাবে, জঙ্গিপুর সংবাদের 'বিকৃত' সংবাদ পরিবেশনা সত্ত্বেও। কিন্তু, প্রধান শিক্ষক মশায় উত্তেজিত হয়ে কাগজখানির নামটিই বিকৃত করেছেন। জঙ্গিপুর সংবাদ যদি কেচ্ছা সংবাদই হতো, তবে কবে এর আয়ু শেষ হয়ে যেতো। জঙ্গিপুর স্কুলের ঐতিহ্যকে শ্রদ্ধা করে বলেই 'জঙ্গিপুর সংবাদ' এর মালিন্যের চিত্রটি তুলে ধরেছে। স্কুলের ভাবমূর্তি নষ্ট করার কোন হীন উদ্দেশ্য নিয়ে সংবাদটি পরিবেশিত হয়নি বলেই আমি মনে করি।

—পুষ্পিতারঞ্জন বন্দ্যোপাধ্যায়, বোখারা

### শতবর্ষের নাটক

আচ্ছা, আমাদের জঙ্গিপুর এলাকায় জানাশোনা এমন কেউ জীবিত আছেন কি যাঁর কাছে অন্ততঃ সবচেয়ে পুরনো কথা জানা যাবে জঙ্গিপুর হাই স্কুল সম্পর্কে? স্কুলের অফিসে কিছু নথিপত্র পাওয়া যাবে কি যার থেকে অনেক উল্লেখযোগ্য কথা পাওয়া যাবে কোন ঘটনা সম্পর্কে? আমাদের ছেলেবেলায় ঐ স্কুলটার নাম ছিল বড় ইস্কুল.' বড়ই তো! সত্যি খুব 'বড়-স্কুল আমাদের। গত একশ' বছরে নামই তো বদলেছে কয়েকবার। তবে ১৮৭৭ সালের নামে, খোদিত নাম 'Jangipur H. E. School. Estd. 1877'। ভাগীরথী নদীর তীরে শান্ত পরিবেশে হিমালয়ের মত বড় আমাদের স্কুল। রত্নগর্ভা এই শিক্ষা প্রতিষ্ঠান গাঙ্গেয় বঙ্গ সভ্যতার প্রথম জনপদ জঙ্গিপুরের বিগত এক শতাব্দীর স্মারকস্তম্ভ। সপ্রাণ। পত্র-লেখকের সুযোগ ঘটেছিল এই প্রতিষ্ঠানে শিক্ষালাভ করার এবং একযুগ আমার শিক্ষা পিতাদের সহকর্মী হিসাবে কাজ করার। কিন্তু শতবর্ষের অন্ধকার যেখানে শুরু তার প্রথম বলি যারা, আমি তাদের একজন। জীবনের খুব মূল্যবান সময়টা নিঙড়ে দিয়ে আমাকে স্বর্গাধিক জন্মভূমি ত্যাগ করতে হয়েছিল। কিন্তু অন্ধকারের কথা তো নয়, এর বিপরীত দিকে যে আলো রয়েছে তার স্নিগ্ধতায় আমার গ্লানি দূর হয়ে যায়। আহা, একদল সুযোগ্য শিক্ষক, সম্ভাবনাময় একদল উজ্জ্বল কচি মুখ, সুসজ্জিত শিক্ষাকক্ষ, স্নিগ্ধ বাতাস এ সবের ফুলে গাঁথা মালায় একখানি সুন্দর লকেট। হ্যাঁ, ঈশ্বরের মত হৃদয়বৃত্তি আমরা দেখেছি আমাদের শ্রীবিজয়চন্দ্র ঘোষ, শ্রীপশুপতি চক্রবর্তী, শ্রীঅবনীকুমার রায়, শ্রীশরদিন্দুভূষণ পাণ্ডে প্রমুখ প্রধান শিক্ষকগণের কাছ থেকে। এই শতবর্ষের আলোকে তাঁদের মুখচ্ছবি যেন আহত মনে হচ্ছে। আমাদের ছেলেবেলায় গল্প শুনতাম অনেক আগের আগের সব হেডমাষ্টারদের। আর এই বিদ্যালয় যখন সত্তর বছরের বুড়ো, তখন তাকে যোগ্য পুত্রের মত 'শক্ত করবার কাজে' যাঁর সর্বাধিক দান সেই মানুষটিকে তো দেখলাম। শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায়। তাঁর মুখে আহত চিহ্ন বোঝবার উপায় নেই। কারণ তাঁর নিজের জীবনের বোধকরি সবচেয়ে বড় ভুল কাজের অনুশোচনা থাকতে পারে। এবং তা স্কুলের বর্তমান প্রধান-এর নিযুক্তি ব্যাপারে বলে মনে করলে অযৌক্তিক হবে না। সত্যি, আজ শতবর্ষের সমকালে যদি একজন যোগ্য লোক স্কুলের হালটা ধরতে পারতেন! তাহলে কি হোত? তাহলে উৎসবের প্রথম দিনেই অমন নাটক হ'ত না। এ কি রাজার ছেলের অন্নপ্রাশন? বাপরে সে কি বাজী ফাটানো! বাজী ফাটিয়েই বাজিমাৎ করার চেষ্টা? তার পরেই বাঈজী নাচ! না ঠিক তা নয়। দু'খানি নাটক-নাটিকা। এ হতভাগা পাবলিকের ডাকে ছুটে গিয়েছিল নাটিকা হেরতে! কোন রকমে পালাতে পেরেছে। মশায়, বলতে পারেন ৩১শে ডিসেম্বরই অনুষ্ঠান শুরু কেন? কেন, তাও জানেন না, ঐ দিন ছাড়া মন্ত্রী পাওয়া যাবে না উদ্বোধন করার জন্য। বার দুয়েক তারিখ বদল হয়েছে। কষ্ট হচ্ছে শ্রীশৈলেয়ীরঞ্জন নাথের অসহায় অবস্থা দেখে। কেউ না কি সহযোগিতা করছেন না তেমন। আমি তখন স্কুলে। হঠাৎ এক ক্লাস ছোটছেলে (V/VI) এবং আমার দৃষ্টি আকর্ষণ করল মাঠের গরুটি। কানে কালা বুড়ো রাখাল শুনতেই পাচ্ছে না যে শৈলেয়ীবাবু তাকে বার বার বলছেন গরু মাঠ থেকে সরিয়ে নিতে। অবশেষে ডান হাতে টেনে গরুকেই এক চড় এবং ঝালবুলি, বাঁ হাতে ধুতির কোঁচা। জঙ্গিপুরের জনগণ বড় ক্যালাস্। অমন লোকটিকে চার পাঁচ বার রাস্তাঘাটে অসভ্যদের হাতে লাঞ্ছিত হতে হয়েছে, তাও তার কোন প্রতিবাদ করেনি। তা বাপু, তুমি দেশ ছেড়ে গেছ সুখে থাক। আমরা আমাদের নিজেদের হেডমাষ্টার গড়ে-পিটে তৈরী করে নেব। বেশ, ভাল কথা। কিন্তু, এ কেমন একশ' বছরের বিদ্যালয় যেখানে এতদিন ধরেও একটা

( ৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## নেতাজী জয়ন্তী

নিজস্ব সংবাদদাতাঃ গত ২৩ জানুয়ারী নেতাজী সুভাষচন্দ্র বসুর ৮১তম জন্ম-জয়ন্তী সারা দেশের সঙ্গে এই মহকুমাতেও বিপুল উৎসাহ ও উদ্দীপনার মধ্যে দিয়ে উদ্‌যাপিত হয়। ফরাক্কায় ব্যারেজ রিক্রিয়েশন ক্লাবের সামনে নেতাজীর পূর্ণাবয়ব আবক্ষ মূর্তির আবরণ উন্মোচন করা হয়। সারা ভারত ফরওয়ারড ব্লকের রঘুনাথগঞ্জ থানা কমিটিও পারটি অফিসে উদ্দীপনার সঙ্গে দিনটি পালন করেন। মিরজাপুর শিবরাম স্মৃতি পাঠাগারে ছেলেদের মধ্যে নেতাজীর জীবনী আলোচনা, দুপুরে শঙ্খধ্বনির মাধ্যমে নেতাজীর জন্ম-মুহূর্ত ঘোষণা করা হয় এবং মিরজাপুর মহিলা সমিতি ওই দিনটিতেই 'পুষ্টি প্রকল্প' চালু করেন।

### অবকাশ যাপন শিবির

রঘুনাথগঞ্জ, ৭ জানুয়ারী—আজ শ্রীকান্তবাটী হাই স্কুলে ২৪ পরগণা জেলার ডায়মণ্ডহারবার মহকুমার কুল্পী থানার রামকিশোরপুর গ্রামের গুরুদাস স্মৃতি পাঠাগারের পক্ষকালব্যাপী অবকাশ যাপন শিবির শেষ হয়। পাঠাগারের ২৫ জন সদস্য এই শিবিরে যোগদান করেন। সমাপ্তি অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডাঃ গৌরীপতি চট্টোপাধ্যায়।

### শতবর্ষের নাটক

( ২য় পৃষ্ঠার পর )

হেড্‌মাষ্টার তৈরী হয় না? শিক্ষা-দীক্ষা ভাল নয়। আর কেন? শৈলেশ্বরবাবু, এই মূল্যবান অভিজ্ঞতা নিয়ে নতুন করে কোন অধ্যায় শুরু করুন না কেন? এই স্কুলের হাওয়া কি আপনার পক্ষে বা স্কুলের পক্ষে খুব স্বাস্থ্যকর? একবার তো রাগ ক'রে আমাদের সামনেই পদত্যাগপত্র লিখে ফেলেছিলেন তখন সম্পাদক মশাই তা গ্রহণ করলে বোধহয় আপনাদের উভয়েরই মঙ্গল হোত। আমরা চেয়েছিলাম—শিক্ষার যে বিপুল সমস্যার সম্মুখীন আমরা হয়েছি, আজ শতবর্ষের পাদপ্রদীপে তার কিছু মূল্যায়ন এবং শিক্ষা গ্রহণ হোক্। একটা মুক্ত শিক্ষা মেলা চলুক। শতবর্ষের ইতিহাস থেকে ভাল এবং মন্দের বিচার হোক। দেশের দশজন শিক্ষাবিদ্‌কে আমাদের সামিল করি। —প্রশান্তকুমার সান্যাল, যাদবপুর ( কলকাতা )।

## খেলার খবর

রঘুনাথগঞ্জ, ২৫ জানুয়ারী—গত রবিবার রঘুনাথগঞ্জ হাই স্কুল ময়দানে স্কুলের বার্ষিক দৌড়-ঝাঁপ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ছাত্ররা শোভাযাত্রা সহকারে মাঠে উপস্থিত হয়। পৌরোহিত্য করেন রঘুনাথগঞ্জ ১নং ব্লকের সমাজশিক্ষা সম্প্রসারণ আধিকারিক সুশোভন দাস এবং প্রধান অতিথির আসন গ্রহণ করেন বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত শিক্ষক বিনয়গোপাল ঘোষ। প্রতিযোগিতায় ভূদেব মুখারজি ও দেবাশিস্ বড়াল সিনিয়র গ্রুপ চ্যাম্পিয়ন এবং তপন সরকার ইনটারমিডিয়েট গ্রুপ চ্যাম্পিয়ন হয়।

সোমবার এস ডি ও অফিস ময়দানে অনুষ্ঠিত এস ডি ও রিক্রিয়েশন ক্লাবের বার্ষিক দৌড়-ঝাঁপ প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হন রঘুনাথগঞ্জ ২নং জে এল আর ও অফিসের আবু কালাম। দলগত চ্যাম্পিয়ন হয় এস ডি ও অফিস। পুরস্কার বিতরণ করেন অতিরিক্ত জেলা শাসক ( এল আর ) এস এস আহুজা। আজ রঘুনাথগঞ্জ ১নং ব্লক স্কুল স্পোরটস অনুষ্ঠিত হয়।

সবার প্রিয় চা—
**চা ভাণ্ডার**
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি
সিনিয়র রুস্তম বিড়ি
**বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী**
পোঃ ধুলিয়ান ( মুর্শিদাবাদ )
সেলস্ অফিস: গৌহাটি ও তেজপুর
ফোন: ধুলিয়ান—২১

বিভিন্ন প্রকার খাদি বস্ত্র, ছাপা সিল্ক শাড়ী, গরদ শাড়ী, গরদ থান, তসর, মটকা, কেটে, বাপতা ইত্যাদির জন্য যোগাযোগ করুন :—
**গান্ধী স্মারক নিধি**
( খাদি গ্রামোদ্যোগ ভাণ্ডার )
রঘুনাথগঞ্জ ॥ বাজারপাড়া

**সুবর্ণ সুযোগ**
কির্লোসকার, ঊষা, কুপার ইত্যাদি কোম্পানীর পাম্পসেট, হাসকিং মেসিন এবং অন্যান্য যন্ত্রপাতি যত্নের সঙ্গে দীর্ঘ কুড়ি বৎসরের অভিজ্ঞ ইঞ্জিনীয়ার দ্বারা মেরামত করা হয়। নিম্নে যোগাযোগ করুন :—
**ক্যালকাটা সাইকেল ষ্টোর**
রঘুনাথগঞ্জ ॥ ফুলতলা
( জগন্নাথের সাইকেলের দোকান )

## বিজ্ঞপ্তি

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

মোকদ্দমা নং ৫।১৯৭৮ অন্য

বাদী—শ্রীপতিতপাবন সরকার

বঃ

বিবাদী—কৃষ্ণনগর ফ্রী প্রাইমারী স্কুলের ম্যানেজিং কমিটির মেম্বারগণ পক্ষে শ্রীপঞ্চানন সিংহ দীং

দেওয়ানী কার্যবিধি আইনের অর্ডার ১ রুল ৮ মতে

এতদ্দ্বারা থানা সমসেরগঞ্জের অধীন মালঞ্চা মৌজার কৃষ্ণনগর গ্রামের সর্ব্বসাধারণকে জানান যায় যে, বাদী শ্রীপতিতপাবন সরকার পিতা শ্রীধরণী মণ্ডল সাং কৃষ্ণনগর, জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালতে উপরোক্ত নং মোকদ্দমায় থানা সমসেরগঞ্জের অধীন মালঞ্চা মৌজার ৯৫২ নং দাগে ·০১ শতক ভূমি মায় তদুপরিস্থিত শিবালয় ও উৎপাটিত পাকুড় গাছ হিন্দু জনসাধারণের সম্পত্ত হওয়া সাব্যস্তে চিরস্থায়ী নিষেধাজ্ঞার দাবীতে ৫।১৯৭৮ অন্য নং মোকদ্দমা করিয়াছেন। উক্ত মোকদ্দমায় যে কেহ পক্ষ ভুক্ত হইয়া মোকদ্দমা পরিচালনা করিতে বা Contest করিতে পারেন। ধার্য দিন ১৮।২।৭৮

সর্ব্বসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি দেওয়া হইল।

By Order of the Court,
Sd/- K. R. Kar, Sheristadar,
2nd. Munsif's Court, Jangipur

## সপ্তাহব্যাপী ছাত্র আন্দোলন

রঘুনাথগঞ্জ, ১৩ জানুয়ারী—গতকাল এস এফ আই-এর জঙ্গিপুর কলেজ শাখার নেতৃত্বে পাঁচ শতাধিক ছাত্রের স্বাক্ষরসম্বলিত ১২ দফা দাবিতে অধ্যক্ষের নিকট দাবিসনদ পেশ করা হয়। সপ্তাহব্যাপী ছাত্র আন্দোলনের প্রথম পর্যায়ে প্রাতঃ ও দিবা বিভাগে দুটি ছাত্রসভা অনুষ্ঠিত হয়। সভাগুলিতে সভাপতিত্ব করেন উদয় সিংহরায় ও চন্দন বর্মণ।

**গণ ডেপুটেশনঃ** ধুলিয়ান থেকে সংবাদদাতা লিখেছেন, গত ১০ জানুয়ারী সামসেরগঞ্জ-ফরাক্কা ব্লক যুব জনতার পক্ষ থেকে ফরাক্কা ব্যারেজ ও ফীডার ক্যানেলে ক্ষতিগ্রস্ত পরিবারসমূহের ক্ষতিপূরণসহ বিভিন্ন দাবিদাওয়ার ভিত্তিতে ফরাক্কা ব্যারেজের জেনারেল ম্যানেজার সমীপে গণ স্মারকলিপি পেশ করা হয়।

## NOTICE

Reconstitution of the Managing Committee of
Mirzapur D. P. High School.
P. O. Gankar, Dist. Murshidabad

*Programme of Election*

1. Date and time for publication of the Provisional Voters lists—30th January, 1978 at 2 p. m.
2. Submission of claims to and objection against inclusion of any name(s)—7th February, 1978 by 2 p. m.
3. Publication of Final Voters' lists—16th February, 1978 at 2 p. m.
4. Submission of Nomination Papers—27th February, 1978 by 2 p. m.
5. Scrutiny of Nomination Papers—1st March, 1978 by 2 p. m.
6. Withdrawal of Nomination Papers—2nd March, 1978 by 2 p. m.
7. Holding of Election of members—5th March, 1978 from 9 a. m. to 12 noon and if necessary, from 1 p. m. to 4 p. m.

For any other detailed information in this respect you may contact the Head of the institution during school hours, if necessary.

Signature of the Head of the institution

## সমবায়িক প্রয়াসে উন্নতি ঘটানো যেতে পারে

( ১ম পৃষ্ঠার পর )

অনুন্নত এলাকার খবর পরিবেশন করতে অনুরোধ করেন। উদ্বোধনী অনুষ্ঠানে পৌরোহিত্য করেন সংঘের সভাপতি কমল বন্দ্যোপাধ্যায়। শুভেচ্ছা পাঠান কেন্দ্রীয় ও রাজ্য তথ্যমন্ত্রী লালকৃষ্ণ আদবানী ও বুদ্ধদেব ভট্টাচার্য।

দুপুরে প্রতিনিধি সম্মেলনে বৈষ্ণব কবি বিষ্ণু সরস্বতী, স্বাধীনতা সংগ্রামী জগৎসিং লোঢ়া, নাট্যকার বিজন ভট্টাচার্য, চলচ্চিত্র পরিচালক ঋত্বিক ঘটক, ভাষাচার্য সুনীতিকুমার, বৈষ্ণব সাহিত্যের গবেষক হরেকৃষ্ণ মুখোপাধ্যায়, বৈজ্ঞানিক ডঃ কুদরত-এ-খোদা প্রমুখের স্মৃতির উদ্দেশ্যে শ্রদ্ধা নিবেদন করে একটি শোক প্রস্তাব গৃহীত হয়। সম্মেলনে ৪২তম সংবিধান সংশোধন বাতিল, জরুরী অবস্থায় জেলাব্যাপী তথ্য ও জনসংযোগ দপ্তরের বাড়াবাড়ির নিন্দা, হামলা ও কটু মন্তব্যের নিন্দা, সংবাদপত্রবিরোধী বিদ্যুৎ সংক্রান্ত সারকুলার বাতিল প্রভৃতি প্রস্তাব গ্রহণ করে মালিক-পক্ষের সাংবাদিক স্বার্থবিরোধী মনোভাবের প্রতিবাদে আজকের সংবাদপত্র ধর্মঘটকে সমর্থন জানানো হয়। সম্মেলনে পরবর্তী দু' বছরের জন্য সংঘের ১৫ সদস্যের নতুন কার্যনির্বাহক সমিতি গঠন করা হয়। কমল বন্দ্যোপাধ্যায়—সভাপতি, সত্যনারায়ণ মুখোপাধ্যায়, পীযূষকান্তি চন্দ্র ও অনুত্তম পণ্ডিত—সহ-সভাপতি, বিজন ভট্টাচার্য—সম্পাদক, সত্যনারায়ণ ভকত ও দুলাল ভট্টাচার্য—সহ-সম্পাদক নির্বাচিত হন। সত্যনারায়ণ রায়, সত্যরঞ্জন বকসী, অধীর সিংহ, নির্মল সরকার, সুধীন সেন, সুবীর বোথরা, রাইহান বিশ্বাস, বিশ্বনাথ সোম, বিমান হাজরা, কমলারঞ্জন প্রামাণিকসহ জেলার ৪৫ জন সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন। বিকেলে চা-পানে আপ্যায়িত করে 'অপারেশন ফ্লাড পরিকল্পনা' সম্পর্কে সাংবাদিকদের সামনে বিভিন্ন সমস্যা ও সুবিধা-অসুবিধার কথা তু'ল ধরেন ভাগীরথী সমবায় দুগ্ধ উৎপাদক সমিতির জেনারেল ম্যানেজার ডঃ এস এন মুখারজি। সন্ধ্যায় বেলডাঙ্গা নেতাজী পারকে প্রকাশ্য সম্মেলনের আয়োজন করা হয়।

### আদর্শ থানার প্রয়াস

( ১ম পৃষ্ঠার পর )

ব্যবহার এবং সহযোগিতা প্রভৃতি কতদূর সার্থকতা লাভ করে তা পরীক্ষা করে দেখার জন্য আদর্শ থানা গড়ে তোলার চেষ্টা করে দেখা হচ্ছে। ইতিমধ্যে সাগরদীঘি থানায় একজন অতিরিক্ত পুলিশ অফিসার নিয়োগ করা হয়েছে এবং কনষ্টবলের সংখ্যা ১৩ থেকে বাড়িয়ে ২১ করা হয়েছে বলে জানা গেছে।

### শোক সংবাদ

ধুলিয়ান, ২৪ জানুয়ারী—যোগী বরদাচরণ মজুমদারের সহধর্মিণী দনুজদলনী দেবী ২০ জানুয়ারী এখানে তার নিজ বাসভবনে ৮০ বছর বয়সে পরলোকগমন করেছেন।

Phone :- Farakka 24

**ডাঃ এস, এ, তালেব**

ডি এম এস

পোঃ ফরাক্কা ব্যারেজ, মুর্শিদাবাদ।

হোমিওপ্যাথি মতে যাবতীয় পুরাতন রোগের চিকিৎসা করা হয়।

**ADVERTISEMENT**

Wanted Agents ( Male/Female Candidates do this work at own Area ) Salary Rs. 300/-, Commission and T. A. extra.

Qualification :— Candidate should be minimum Matric or Higher Secondary. Age 18 to 40 yrs.

Send applications only in Hindi or in English. Registered Letter at following address :—

**GWALIOR TEXTILES**
38-B, Majlis Park
DELHI—110033







রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।